

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৭.২০১২-১৩৮

তারিখঃ- ১১.১৪১৮ বঙ্গাব্দ
২৫.০৩.২০১২ খ্রিস্টাব্দ

আদেশ


যেহেতু, জনাব মোঃ ফজলুল হক, ডিপিএম, আই ই এম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৪-০৩-২০১৩ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি শুনানীতে উল্লেখ করেন যে, তাঁর কর্তৃপক্ষ তাকে ছাড়পত্র প্রদান করেননি বিধায় তিনি প্রশিক্ষণে অংশ গ্রহন করতে পারেননি। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৬.০৯.২০১২ তারিখের স্মারক-৯৩৩ মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার বক্তব্যের সত্যতা পাওয়া যায়।

এক্ষণে সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনাপূর্বক জনাব মোঃ ফজলুল হক, ডিপিএম, আই ই এম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর কে প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত সরকারি আদেশ পালনে ভবিষ্যতে আরোও আন্তরিক হওয়ার পরামর্শসহ তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৭.২০১২-১৩৮/১ (৫)

তারিখঃ- ২৫ -০৩-২০১৩ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক (এম আইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ এর অনুরোধ করা হল)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। জনাব মোঃ ফজলুল হক, ডিপিএম, আই ই এম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ৬, কাওরান বাজার, ঢাকা।


(হাছিনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৭২০২৮

Sasdisc2@mohfw.gov.bd